অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভের দ্বিতীয় রাউন্ডের জন্য গভর্নর হোকলের 7 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার ঘোষণা

42টি সংস্থা এই ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট অনুদান পাবে

2,550 জনেরও বেশি নিউ ইয়র্কবাসীকে চাহিদাসম্পন্ন দক্ষতাগুলোতে প্রশিক্ষণ প্রদানের তহবিল প্রদান করবে

নিয়মিত ভিত্তিতে বাড়তি আবেদন গ্রহণ করা হচ্ছে এবং প্রশিক্ষণ সংস্থাগুলোকে এখানে আবেদন করতে জোরালো উৎসাহ প্রদান করা হচ্ছে: workforcedevelopment.ny.gov

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (Workforce Development Initiative)-এর অংশ হিসেবে স্টেটব্যাপী 42টি সংস্থাকে 7 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে। তহবিলের দ্বিতীয় রাউন্ডের আওতায় প্রথম গ্রুপে এসব ধারাবাহিক অনুদান প্রদান করা হচ্ছে, যেটি আগস্ট মাসে শুরু হয়েছিল, এবং নিউ ইয়র্কবাসীদেরকে মানসম্মত, ভালো বেতনের কর্মসংস্থানের জন্য প্রস্তুতি নিতে ও অনুসন্ধান করতে, ব্যবসা প্রতিষ্ঠানগুলোর স্বল্প-মেয়াদী কর্মী চাহিদা পূরণ, আঞ্চলিক ট্যালেন্ট পাইপলাইন উন্নতকরণ, শিক্ষানবিশ হওয়ার সুযোগ সম্প্রসারণ, এবং ক্রমবর্ধমান শিল্পগুলোর দীর্ঘমেয়াদী চাহিদা মোকাবেলায় সাহায্য করে এমন কৌশলগত আঞ্চলিক প্রচেষ্টায় সহায়তার জন্য 48 মিলিয়ন ডলার বরাদ্দ দিয়েছে। চলমান কনসোলিডেটেড ফান্ডিং আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আবেদন গ্রহণ করা অব্যাহত রয়েছে।

অনুদানের এই রাউন্ডে শ্রম বিভাগ (Department of Labor), SUNY ও CUNY এর সরবরাহ করা তহবিল ও প্রণোদনা স্টেটজুড়ে 2,550 জনেরও বেশি নিউ ইয়র্কবাসীর জন্য অপরিহার্য চাকরির প্রশিক্ষণ প্রদান এবং উচ্চ-চাহিদা সম্পন্ন শিল্পগুলোতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সহায়তা করবে।

"আমাদেরকে এই কঠিন বাস্তবতা মোকাবেলা করতে হবে যে এই মহামারী বহু নিউ ইয়র্কবাসীকে হঠাৎ করে বেকার করে দিয়েছে এবং নিজেদের সংস্কার করা ও পুনরায় ক্যারিয়ার শুরুর জন্য তাদের নতুন দক্ষতার সন্ধানে নামিয়ে দিয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "কর্মীদলের জন্য এসব অনুদান অপরিহার্য দক্ষতাগুলোর প্রশিক্ষণ প্রদান করবে, নিউ

ইয়র্কবাসীদেরকে ভবিষ্যতের উচ্চ-চাহিদাসম্পন্ন ও ভালো বেতনের চাকরির সঙ্গে সংযুক্ত করবে, এবং শিক্ষা, ব্যবসা প্রতিষ্ঠান, এবং সরকারি বিনিয়োগের মধ্যে সঙ্গতি তৈরি করবে যা আমাদের স্টেটের অর্থনৈতিক পুনরুদ্ধার ত্বরান্বিত করবে। যেসব নিউ ইয়র্কবাসী এই মহামারীর ফলে কর্মহীন হয়ে পড়েছেন, অথবা এই অনিশ্চিত সময়ে তাদের পরবর্তী ক্যারিয়ার সম্পর্কে সিদ্ধান্ত নিচ্ছেন, তাদের জন্য আমরা আপনার মেধা ও উচ্চাকাঙ্ক্ষার উপযোগী এক নতুন নিউ ইয়র্ক গড়ে তুলছি।"

নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলো আঞ্চলিক অর্থনৈতিক চাহিদা ও সুযোগের ভিত্তিতে তহবিলের জন্য আবেদনগুলোর ব্যাপারে সুপারিশ করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। যেসব ব্যবসা প্রতিষ্ঠান ও সংগঠনসমূহ ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড পেয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- **ক্যাপিটাল ডিস্ট্রিক্ট**: SUNY স্কেনেকটেডি কাউন্টি কমিউনিটি কলেজ (SUNY Schenectady County Community College), NSH USA কর্পোরেশন (NSH USA Corporation), হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ (Hudson Valley Community College)
- **সেন্ট্রাল নিউ ইয়র্ক**: পাইরোটেক ইনক. (Pyrotek Inc.), টম্পকিন্স কোর্টল্যান্ড কমিউনিটি কলেজ (Tompkins Cortland Community College)
- **ফিঙ্গার লেকস:** রচেস্টার জেনারেল হাসপাতাল (Rochester General Hospital), ই-হেলথ টেকনোলজিস (eHealth Technologies), হেলেন এন্ড গারট্রুড এজন্সি (Helen & Gertrude Agency), লাইফটাইম অ্যাসিস্ট্যান্স ইনক. (Lifetime Assistance Inc.), অপ্টিম্যাক্স SI (Optimax SI), প্রো অ্যামপ্যাক (ProAmpac), গ্রেটার লিভিং আর্কিটেক্টস P.C. (Greater Living Architects P.C.), মনরো কমিউনিটি কলেজ (Monroe Community College), GW লিস্ক, ইনক. (GW Lisk, Inc), ফিঙ্গার লেকস কমিউনিটি কলেজ (Finger Lakes Community College)
- **লং আইল্যান্ড**: ইউনাইটেড ওয়ে অব লং আইল্যান্ড (United Way of Long Island), নিকোলাস সেন্টার (Nicholas Center), উই কানেক্ট দ্য ডটস, ইনক. (We Connect The Dots, Inc.), ক্যাথলিক হেলথ সার্ভিসেস অব লং আইল্যান্ড (Catholic Health Services of Long Island), সেন্ট ফ্র্যান্সিস হাসপাতাল (St. Francis Hospital), পার্কার জুইশ ইনস্টিটিউট ফর হেলথ কেয়ার এন্ড রিহ্যাবিলিটেশন (Parker Jewish Institute for Health Care and Rehabilitation), নাসাউ কমিউনিটি কলেজ (Nassau Community College), ডেভেলপমেন্টার ডিজেবিলিটিজ ইনস্টিটিউট (Developmental Disabilities Institute), ইস্ট এন্ড ডিজেবিলিটিজ অ্যাসোসিয়েটস (East End Disabilities Associates), ফ্যামিলি রেসিডেন্সেস এন্ড এসেনশিয়াল এন্টারপ্রাইজেস, ইনক. (Family Residences and Essential Enterprises, Inc.), ইন্ডিপেন্ডেন্ট গ্রুপ হোম লিভিং (Independent Group Home Living), সাফোক কাউন্টি কমিউনিটি কলেজ (Suffolk County Community College)
- **মিড-হাডসন:** নিকোলাস সেন্টার (Nicholas Center), উইলিয়ামস লাম্বার (Williams Lumber), শপ রাইট (ShopRite), ডাচেস কমিউনিটি কলেজ (Dutchess Community College)
- **মোহাক ভ্যালি**: মোহাক ভ্যালি কমিউনিটি কলেজ (Mohawk Valley Community College), ইউনিভার্সাল প্লাস্টিকস (Universal Plastics), ম্যাসোনিক কেয়ার কমিউনিটি (Masonic Care

Community), কনসোলিডেটেড প্রিসিশন প্রোডাক্ট (Consolidated Precision Product), ইন্ডিয়াম কর্পোরেশন (Indium Corporation), দ্য সেন্টার (The Center), GPO ফেডারেল ক্রেডিট ইউনিয়ন (GPO Federal Credit Union), দ্য রেসকিউ মিশন (The Rescue Mission), সি এন্ড এইচ প্লাস্টিকস (C & H Plastics)
- **নিউ ইয়র্ক সিটি**: গ্রেস ইনস্টিটিউট অব নিউ ইয়র্ক (Grace Institute of New York), লা গার্ডিয়া কমিউনিটি কলেজ (LaGuardia Community College), দ্য ডোর - অ্যা সেন্টার অব অল্টারনেটিভস, ইনক. (The Door - A Center of Alternatives, Inc.), ব্রঙ্কস কমিউনিটি কলেজ ডিজাইন স্টুডিও (Bronx Community College Design Studio), পার্কার জুইশ ইনস্টিটিউট ফর হেলথ কেয়ার এন্ড রিহ্যাবিলিটেশন, ব্রঙ্কস কমিউনিটি কলেজ (Bronx Community College), উই কানেক্ট দ্যা ডটস, ইনক.
- **সাদার্ন টিয়ার**: এইচ এন্ড ই স্টর্ক টার্বো ব্লেডিং (H & E Stork Turbo Blading), টম্পকিনস কর্টল্যান্ড কমিউনিটি কলেজ, ফার্স্ট হেরিটেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়ন (First Heritage Federal Credit Union), কর্নিং কমিউনিটি কলেজ (Corning Community College)

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "কর্মীবাহিনীর উন্নয়ন গভর্নর কুওমোর মহামারী থেকে অর্থনৈতিক পুনরুদ্ধার পরিকল্পনার একটি অপরিহার্য অংশ। ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতা নির্মাণের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদেরকে চাহিদাসম্পন্ন ক্যারিয়ার গঠনের পথে এগিয়ে নেয় এবং একই সময়ে ব্যবসা প্রতিষ্ঠানগুলোর চাহিদা পূরণে দক্ষ কর্মীদের একটি পাইপলাইন প্রতিষ্ঠা করছে। কর্মীদের ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে উপকৃত করে এবং নিউ ইয়র্কের অর্থনীতিকে উদ্দীপিত করে এমন দীর্ঘমেয়াদী সমাধানগুলোর জন্য তার অব্যাহত অঙ্গীকারবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ
নিউ ইয়র্ক স্টেটব্যাপী উদ্ভাবনমূলক, সৃজনশীল, ও আঞ্চলিকভাবে স্বকীয় কর্মীদল উন্নয়নের প্রকল্পগুলোতে 175 মিলিয়ন ডলার বিনিয়োগ করার মিশন নিয়ে 2019 সালে ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ শুরু হয়। এই কনসোলিডেটেড ফান্ডিং-এর আবেদনের অধীন এসব অনুদান এমন কৌশলগত আঞ্চলিক প্রচেষ্টাসমূহে সহায়তা প্রদান করে যেগুলো ব্যবসা প্রতিষ্ঠানগুলোর স্বল্পমেয়াদী কর্মী চাহিদা পূরণ করে, শিল্পখাতের দীর্ঘমেয়াদী চাহিদা মোকাবেলা করে, আঞ্চলিক প্রতিভার পাইপলাইন উন্নত করে, স্থানীয় কর্মীদলের সংস্থাগুলোর নমনীয়তা ও উপযোগীতা বৃদ্ধি করে, এবং কর্মস্থলে শেখার সুযোগ সম্প্রসারণ করে।

WDI তহবিলের প্রথম পর্যায়ে চাকরির বর্ধিত চাহিদা রয়েছে এমন উঠতি খাতের আঞ্চলিকভাবে উল্লেখযোগ্য শিল্পগুলোকে -- যেমন নির্মল জ্বালানী, প্রাণ-বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান, এবং উচ্চতর প্রযুক্তি -- সহায়তা করার পাশাপাশি মহিলা, তরুণ কর্মী, এবং ক্যারিয়ারের অগ্রগতির ক্ষেত্রে উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হতে হয় এমন জনগোষ্ঠীর অর্থনৈতিক নিরাপত্তা উন্নত করার প্রচেষ্টায় সহায়তা করার জন্য 225টি সংগঠনকে 70 মিলিয়ন ডলারের বেশি প্রদান করা হয়েছে। এই তহবিল স্টেটব্যাপী 51,000 জনেরও বেশি নিউ ইয়র্কবাসীর জন্য অপরিহার্য চাকরির প্রশিক্ষণ প্রদান এবং উচ্চ-চাহিদা সম্পন্ন শিল্পগুলোতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সহায়তা করে।

এই দ্বিতীয়বার আবেদন আহবানের ক্ষেত্রে, ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ কোভিড-19 মহামারীর সময়ে একাধিক স্টেট সংস্থা ও কর্তৃপক্ষ, আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলসমূহ, অলাভজনক প্রশিক্ষণ প্রদানকারী এবং বেসরকারি খাতের নিয়োগদাতাদের সংস্থানসমূহ, পরিকল্পনা, এবং দৃষ্টিভঙ্গিকে একত্রিত করছে।

ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ এবং আজ পর্যন্ত ঘোষিত অনুদানগুলো সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে workforcedevelopment.ny.gov ঠিকানায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন